রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৮, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪শে জ্যৈষ্ঠ ১৪০৬/৭ই জুন ১৯৯৯

এস, আর, ও নং ১২৩-আইন/৯৯—Registration of Private Schools Ordinance, 1962 (XX of 1962) এর section 8-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ**।—(১) এই বিধিমালা বেসরকারী স্কুল (ইংরেজী মাধ্যম) রেজিস্ট্রেশন বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

(২) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে বা বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, ইংরেজী মাধ্যমে পরিচালিত নার্সারী, কিন্ডারগার্টেন, প্রিপারেটরী, জুনিয়র কেমব্রিজ, কেমব্রিজ, সিনিয়র কেমব্রিজ বা সমমানের পাঠক্রম অনুযায়ী শিক্ষাদানকারী সকল বেসরকারী স্কুলের প্রতি ইহা প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Registration of Private Schools Ordinance, 1962 (XX of 1962);

(খ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম;

(গ) "বেসরকারী স্কুল" অর্থ অধ্যাদেশের section 2(g)-তে বর্ণিত এমন Private School যাহার প্রতি এই বিধিমালা প্রযোজ্য এবং

(ঘ) "রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ" অর্থ অধ্যাদেশের section 2(h) এ বর্ণিত Registering Authority।

৩। **রেজিস্ট্রেশনের আবেদন।**—কোন বেসরকারী স্কুল স্থাপনকারী বা পরিচালনাকারী ব্যক্তি বা ব্যক্তিগণ উক্ত স্কুলটি রেজিস্ট্রেশনের জন্য বিধি ৪ এ বর্ণিত ফিসসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট ফরম-১ এ আবেদন করিবে।

৪। **রেজিস্ট্রেশন ফি।**—(১) প্রত্যেকটি বেসরকারী স্কুলের রেজিস্ট্রেশন ফি নিম্নরূপ হইবে, যথা:—

(ক) নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রিপারেটরী স্কুলের জন্য টাঃ ১,৫০০/-

(খ) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের জন্য টাঃ ৩,০০০/- এবং

(গ) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের জন্য টাঃ ৫,০০০/-

(২) উপ-বিধি (১) এ বর্ণিত রেজিস্ট্রেশন ফি কোন সরকারী ট্রেজারী বা বাংলাদেশ ব্যাংকের শাখায় ৩—২৫৫০—২৫৩১—১৮৫১ খাতে জমা দিয়া চালানের কপি আবেদনপত্রের সহিত জমা দিতে হইবে।

(৩) রেজিস্ট্রেশন ফি কোন অবস্থাতেই ফেরতযোগ্য হইবে না।

৫। **জমি ও ভবন।**—প্রকারভেদে প্রত্যেক বেসরকারী স্কুলের নিজস্ব নিম্নবর্ণিত ন্যূনতম জমি ও ভবন থাকিতে হইবে, যথা:—

(ক) নার্সারী, কিন্ডারগার্টেন, প্রিপারেটরী স্কুলের ক্ষেত্রে ০·৩৩ একর জমির উপর ১০৫০ বর্গফুট আয়তনের ভবন;

(খ) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে এলাকাভেদে নিম্নবর্ণিত জমির উপর ২০০০ বর্গফুট আয়তনের ভবন, যথা:—

(অ) মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে ০·২০ একর;

(আ) অন্যান্য পৌর এলাকার ক্ষেত্রে ০·৩০ একর; এবং

(ই) পল্লী এলাকার ক্ষেত্রে ০·৫০ একর।

(গ) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে এলাকাভেদে নিম্নবর্ণিত জমির উপর শহর এলাকার ক্ষেত্রে ৪০০০ বর্গফুট এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ৩৩০০ বর্গফুট আয়তনের ভবন, যথা:—

(অ) মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে ০·২৫ একর;

(আ) অন্যান্য পৌর এলাকার ক্ষেত্রে ০·৫০ একর; এবং

(ই) পল্লী এলাকার ক্ষেত্রে ০·৭৫ একর।

তবে শর্ত থাকে যে, মেট্রোপলিটন এলাকার কোন বেসরকারী স্কুলের নিজস্ব জমি ও ভবন না থাকিলে এই বিধির চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় জমি ও ভবন ভাড়ায় নেওয়া যাইবে, তবে উহা উক্ত স্কুলের নামে কমপক্ষে ৩ বৎসরের জন্য ভাড়ায় থাকিতে হইবে।

৬। **শিক্ষক ও কর্মচারী ইত্যাদি।**—(১) বেসরকারী স্কুলের শিক্ষক ও কর্মচারীর সংখ্যা, তাহাদের প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্ট অনুযায়ী হইবে।

(২) কোন বেসরকারী স্কুলে শিক্ষক ও কর্মচারী নিয়োগের পূর্বে, তজ্জন্য বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করিয়া বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে।

(৩) কোন বেসরকারী স্কুলে শিক্ষক ও কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে প্রার্থী নির্বাচনের জন্য গঠিত বোর্ডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি থাকিবে।

৭। **তহবিল।**—(১) প্রত্যেক বেসরকারী স্কুলের একটি সংরক্ষিত তহবিল এবং একটি সাধারণ তহবিল থাকিবে।

(২) উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, সংরক্ষিত তহবিলে নিম্নবর্ণিত অর্থ সঞ্চয়পত্র আকারে অথবা কোন তফসিলী ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে জমা থাকিবে, যথা :—

(ক) নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রিপারেটরী স্কুলের ক্ষেত্রে বিশ হাজার টাকা;

(খ) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে পঞ্চাশ হাজার টাকা; এবং

(গ) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে এক লক্ষ টাকা।

(৩) রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা বা ক্ষেত্রমত ভাংগানো যাইবে না।

(৪) সাধারণ তহবিলে নিম্নবর্ণিত অর্থ থাকিবে, যথা :—

(ক) নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রিপারেটরী স্কুলের ক্ষেত্রে বিশ হাজার টাকা;

(খ) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে পঞ্চাশ হাজার টাকা; এবং

(গ) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে এক লক্ষ টাকা।

৮। **পাঠক্রম, পাঠ্যপুস্তক ইত্যাদি।**—(১) প্রত্যেক বেসরকারী স্কুল সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পাঠক্রম অনুসরণ করিবে।

(২) কোন বেসরকারী স্কুল পাঠদানের উদ্দেশ্যে এমন কোন পুস্তক, ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারণ করিবে না যাহা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত বা প্রকাশিত নহে।

(৩) সহপাঠক্রম কার্যক্রম হিসাবে প্রত্যেক বেসরকারী স্কুল খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন ও পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করিবে।

৯। **ছাত্র সংখ্যা।**—কোন বেসরকারী স্কুলের কোন শ্রেণীতে অথবা, কোন শ্রেণীর একাধিক শাখা থাকিলে, কোন শাখায় ষাট জনের অধিক ছাত্র-ছাত্রী থাকিবে না।

১০। **গ্রন্থাগার।**—প্রত্যেক বেসরকারী স্কুলে একটি গ্রন্থাগার থাকিবে এবং উক্ত গ্রন্থাগারে অন্যূন নিম্নে উল্লিখিত সংখ্যক পুস্তক থাকিবে, যথা :—

(ক) নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রিপারেটরী স্কুলের ক্ষেত্রে পাঁচ শত পুস্তক;

(খ) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে এক হাজার পুস্তক; এবং

(গ) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের ক্ষেত্রে দুই হাজার পুস্তক।

১১। **পানীয় জল ইত্যাদি।**—প্রত্যেক বেসরকারী স্কুল ভবনে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা এবং পুরুষ ও মহিলাদের জন্য ভিন্ন ভিন্ন পর্যাপ্ত সংখ্যক স্বাস্থ্যসম্মত শৌচাগার ও প্রশ্রাবাগার থাকিবে।

১২। **রেজিস্ট্রেশন সার্টিফিকেট।**—যদি আবেদনাধীন কোন বেসরকারী স্কুলে অধ্যাদেশ ও এই বিধিমালার বিধানাবলী পালিত হইতেছে বলিয়া রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ স্কুলটি রেজিস্ট্রেশন করিবে এবং ফরম ২ এ উহার রেজিস্ট্রেশন সার্টিফিকেট আবেদনকারীকে প্রদান করিবে।

১৩। **রেজিস্ট্রেশনের জন্য পুনঃ আবেদন।**—অধ্যাদেশের ধারা ৪ এর উপ-ধারা (৪) এর অধীনে কোন বেসরকারী স্কুলের রেজিস্ট্রেশনের আবেদন প্রত্যাখ্যাত হইলে অথবা অধ্যাদেশের ধারা ৬ এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট বাতিল বা স্থগিত করা হইলে উক্ত স্কুলের রেজিস্ট্রেশনের জন্য পুনরায় আবেদন করা যাইবে।

১৪। **পরিদর্শন।**—এই বিধিমালার অধীনে রেজিস্ট্রীকৃত সকল বেসরকারী স্কুল রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন কর্মকর্তা সময় সময় পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

ফরম-১

(বিধি-৩ দ্রষ্টব্য)

বেসরকারী স্কুল রেজিস্ট্রেশনের আবেদনপত্র

১। স্কুলের নাম :

২। স্কুলের অবস্থাঃ গ্রাম/সড়ক : থানাঃ জেলাঃ

৩। ডাক-ঠিকানা

৪। স্কুল প্রতিষ্ঠার তারিখ :

৫। স্কুলের ধরণঃ সঠিকটিতে চিহ্ন দিন :

(ক) কিন্ডারগার্টেন, নার্সারী বা প্রিপারেটরী স্কুল।

(খ) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুল।

(গ) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুল।

৬। স্কুলটি কোন ব্যক্তি কর্তৃক না পরিচালনা কমিটি কর্তৃক পরিচালিত :

৭। যদি পরিচালনা কমিটি কর্তৃক পরিচালিত হয় তাহা হইলে উক্ত কমিটির গঠনতন্ত্র (যদি থাকে) এবং সদস্যগণের তালিকা সংযুক্ত করিতে হইবে :

৮। স্কুলের মালিক বা প্রতিষ্ঠাতার নাম :

৯। শ্রেণী ও প্রত্যেক শ্রেণীতে শাখার সংখ্যা :

১০। প্রত্যেক শ্রেণী ও শাখার ছাত্র সংখ্যা :

১১। শিক্ষকের সংখ্যা :

১২। স্কুলের ক্লাস রুটিন (শিক্ষকদের নামসহ) :

১৩। স্কুলের কর্মকালীন সময় :

১৪। বেতন ভাতাদি এবং যোগদানের তারিখসহ স্কুলের সকল শিক্ষক ও কর্মচারীর নাম এবং যোগ্যতা (স্থায়ী না অস্থায়ী উল্লেখ করুন) :

১৫। প্রতিমাসে বা বৎসরে শ্রেণীভেদে আদায়কৃত টিউশন ফি, ভর্তি ফি, খেলাধুলা ফি, গ্রন্থাগার ফি, টিফিন ফি, মুদ্রণ ফি এবং অন্যান্য ফি :

১৬। স্কুলের বিভিন্ন খাতে অর্জিত শেষ দুই বৎসরের আয়ঃ

১৭। ভবন এবং জমিসহ স্কুলের বর্তমান যাবতীয় সম্পদ এবং দায়ের বিবরণ ঃ

১৮। প্রত্যেক রুমের আয়তন এবং ব্যবহারের উদ্দেশ্যসহ ভবন ও জমির নকশা ঃ

১৯। সহপাঠক্রম কার্যক্রমের বিবরণ ঃ

২০। গ্রন্থাগার আছে কিনা, থাকিলে উহাতে পুস্তকের সংখ্যা ঃ

২১। শৌচাগার ও প্রস্রাবাগারের সংখ্যা ও বিবরণ ঃ
(ছাত্র ও ছাত্রীদের জন্য আলাদা আলাদা কিনা)

২২। পানীয় জলের ব্যবস্থা আছে কিনা ঃ

২৩। ভবন নিজস্ব না ভাড়া করা ঃ

২৪। ক্লাস বা স্কুল সময়ের পর ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার হয় কিনা ঃ

২৫। শ্রেণীভেদে পাঠ্য পুস্তক হিসাবে নির্ধারিত সকল পুস্তকের বিবরণ ঃ

২৬। স্কুলের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলের অর্থের পরিমাণ, সংরক্ষিত তহবিলের অর্থ কোথায় এবং কিভাবে জমা রাখা হইয়াছে ঃ

২৭। প্রদত্ত, রেজিস্ট্রেশন ফি'র পরিমাণ এবং উহা জমাদানের ট্রেজারী চালান নং ও তারিখ
(ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিতে হইবে) ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, স্কুল সম্পর্কে দেওয়া উপরিউক্ত সকল তথ্য আমার জ্ঞানমতে সত্য ও সঠিক।

তারিখ ঃ..........................

প্রতিষ্ঠাতা/পরিচালক/অধ্যক্ষ/প্রধান শিক্ষক

**ফরম-২**

**(বিধি ১২ দ্রষ্টব্য)**

নং........................ তারিখ.........................

**রেজিস্ট্রেশন সার্টিফিকেট**

প্রত্যয়ন করা যাইতেছে যে, (বেসরকারী স্কুলের নাম)............................ (ঠিকানা)........................................The Registration of Private Schools Ordinance, 1962 (XX of 1962) এর অধীন রেজিস্ট্রেশনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত Ordinance এর ধারা ৪ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উক্ত স্কুলটি এতদ্বারা রেজিস্ট্রেশন করা হইল। স্কুলটিকে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করিতে হইবে, অন্যথায় উহার রেজিস্ট্রেশন যে কোন সময় স্থগিত বা বাতিল করা যাইবে।

**শর্তসমূহ**

১।

২।

৩।

রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের সীল মোহর। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের স্বাক্ষর।

নাম:

পদবী:

## পরিশিষ্ট
(বিধি ৬ দ্রষ্টব্য)

## বেসরকারী স্কুলের শিক্ষক ও কর্মচারীর সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

১। নার্সারী, কিন্ডারগার্টেন, প্রিপারেটরীঃ

(ক) শিক্ষক সংখ্যাঃ প্রত্যেক শ্রেণী বা শাখার জন্য একজন।

(খ) শিক্ষকের যোগ্যতাঃ—

(১) প্রধান শিক্ষকের ক্ষেত্রে, দ্বিতীয় বিভাগে স্নাতক এবং সি-এন-এড বা সমমানের প্রশিক্ষণ প্রাপ্ত।

(২) সহকারী শিক্ষকদের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সি-এন-এড বা সমমানের প্রশিক্ষণ প্রাপ্ত অথবা স্নাতক।

২। জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুল।

(ক) শিক্ষকের সংখ্যাঃ প্রত্যেক শ্রেণী বা শাখার জন্য গড়ে ১·৫ জন।

(খ) শিক্ষকের যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

(১) প্রধান শিক্ষকের ক্ষেত্রে, একটি দ্বিতীয় বিভাগসহ স্নাতক এবং বিদ্যালয়ে কমপক্ষে ১২ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা ও বি এড ডিগ্রী।

(২) সহকারী শিক্ষকের ক্ষেত্রে, একটি দ্বিতীয় বিভাগসহ স্নাতক এবং বি, এড, ডিগ্রী।

৩। কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুল।

(ক) শিক্ষকের সংখ্যাঃ প্রত্যেক শ্রেণী বা শাখার জন্য গড়ে ১·৫ জন।

(খ) শিক্ষকের যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

(১) প্রধান শিক্ষকের ক্ষেত্রে, একটি দ্বিতীয় বিভাগসহ স্নাতক ও দ্বিতীয় শ্রেণীতে বি. এড, এবং বিদ্যালয়ে কমপক্ষে ১৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।

(২) সহকারী শিক্ষকের ক্ষেত্রে, একটি দ্বিতীয় বিভাগসহ স্নাতক ও দ্বিতীয় শ্রেণীতে বি. এড, এবং বিদ্যালয়ে কমপক্ষে ১২ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।

(৩) সহকারী প্রধান শিক্ষকের ক্ষেত্রে, একটি দ্বিতীয় বিভাগসহ স্নাতক ও দ্বিতীয় শ্রেণীতে বি. এড।

৪। কর্মচারীঃ সকল বেসরকারী স্কুলের ক্ষেত্রে স্কুল কর্তৃপক্ষের বিবেচনা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত কর্মচারী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী রকিবউদ্দীন আহমদ**
সচিব।

**মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।**

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।